বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি'র মাসিক (সেপ্টেম্বর) বিবৃতি

চলমান কোভিড-১৯ পরিস্থিতির কারণে সারাবিশ্বের ক্রীড়াঙ্গন তথা ফুটবলও ক্ষতিগ্রস্ত হয়েছে। বিশ্বব্যাপী চলমান ফুটবল মৌসুমের বিভিন্ন প্রতিযোগিতা বাতিল করা হয়েছে অথবা সময়সূচী পরিবর্তন করতঃ দর্শকশূন্যভাবে স্বাস্থ্যবিধি মেনে আয়োজন করা হচ্ছে। এছাড়াও বিশ্বজুড়ে ফুটবল অঙ্গনের অনেক ক্লাব এবং ফেডারেশন স্পন্সর প্রতিষ্ঠানের বিভিন্ন সংকটের কারণে অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে, বাংলাদেশের ফুটবলও এর ব্যতিক্রম নয়।

তবুও বিভিন্ন প্রতিকূলতার মধ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, ফিফা ও এএফসি'র নিয়মনীতি অনুসরণ করতঃ স্বাস্থ্যবিধি মেনে এবং দর্শকশূন্যভাবে বাফুফে মৌসুমের প্রারম্ভে একটি আন্তর্জাতিক ফুটবল প্রতিযোগিতা 'Mujib Borsho FIFA International Football Series 2020: Bangladesh Vs Nepal', ঘরোয়া প্রতিযোগিতার সর্বোচ্চ পর্যায়ের দু'টি লীগ 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' ও 'বাংলাদেশ চ্যাম্পিয়নশীপ লীগ ২০২০-২১', 'ফেডারেশন কাপ' ও 'বাংলাদেশ মহিলা ফুটবল লীগসহ মহিলা ফুটবল এর বিভিন্ন প্রতিযোগিতা এবং 'তৃতীয় বিভাগ ফুটবল লীগ ২০১৯-২০' সুষ্ঠুভাবে আয়োজন করতে সক্ষম হয়েছে।

মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর জন্মবার্ষিকীঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা এর ৭৫তম জন্মদিন উপলক্ষে গত ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ বাংলাদেশ ফুটবল ফেডারেশন এর ব্যবস্থাপনায় মতিঝিলস্থ বাফুফে ভবনে কেক কেটে এবং মাননীয় প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু কামনা করে মিলাদ ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

২০২০-২১ মৌসুম সমাপ্ত ও নতুন মৌসুমের কর্মপরিকল্পনাঃ কোভিড-১৯ সংক্রান্ত পরিস্থিতির কারণে ফুটবল মৌসুমের ব্যাপ্তি বেড়ে যাওয়ায় অংশগ্রহণকারী বিভিন্ন ক্লাবের পক্ষে দৈনন্দিন ব্যয় বহন করা ও মৌসুমের বাকী প্রতিযোগিতাসমূহে অংশগ্রহণ করা কষ্টসাধ্য হয়ে পড়েছে। সার্বিক বিষয়াদি বিবেচনা করতঃ 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১' এর খেলা সম্পন্ন করার মাধ্যমে বাফুফে কর্তৃক ২০২০-২১ ফুটবল মৌসুমের সমাপ্তি করা হয়েছে।

বাফুফে কর্তৃক যথাশীঘ্রই আগামী ২০২১-২২ ফুটবল মৌসুমের ক্রীড়া পঞ্জিকা প্রকাশ করা হবে এবং আমাদের স্বাধীনতার ৫০ বছর উদযাপন উপলক্ষ্যে 'স্বাধীনতা কাপ ফুটবল প্রতিযোগিতা'র মাধ্যমে ২০২১-২২ ফুটবল মৌসুম আরম্ভ হবে।

আসন্ন ২০২১-২২ ফুটবল মৌসুম 'স্বাধীনতা কাপ ২০২১' এর মাধ্যমে নভেম্বর ২০২১ মাসের শেষ সপ্তাহ হতে শুরু হবে এবং উক্ত প্রতিযোগিতা সমাপ্ত হলে 'ফেডারেশন কাপ ২০২১' অনুষ্ঠিত হবে। জানুয়ারী ২০২২ মাসের এর প্রথম সপ্তাহ হতে 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২১-২২' এর খেলা শুরু হবে। ঢাকা মহানগরী ফুটবল লীগ কমিটির আওতাধীন ১ম বিভাগ ফুটবল লীগ, ২য় বিভাগ ফুটবল লীগ ও ৩য় বিভাগ ফুটবল লীগসমূহের অর্থাৎ ৩টি লীগের পরিবর্তে সংশ্লিষ্ট দলসমূহের অংশগ্রহণে ২টি ফুটবল লীগ আয়োজন করা হবে।

বাংলাদেশ জাতীয় ফুটবল দল ঃ 'সাফ চ্যাম্পিয়নশীপ ২০২১' কে সামনে রেখে গত ৫ সেপ্টেম্বর হতে ৭ সেপ্টেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ জাতীয় ফুটবল দল 'থ্রী নেশন্স কাপ ২০২১' এ অংশগ্রহণ করেছে। উক্ত প্রতিযোগিতায় বাংলাদেশ জাতীয় ফুটবল দল প্যালেস্টাইন ও কিরগিজ রিপাবলিক এর মতো শক্তিশালী দলসমূহের বিপক্ষে যে অভিজ্ঞতা সঞ্চয় করেছে তাহা দক্ষিণ এশীয় ফুটবলের শ্রেষ্ঠত্বের লড়াই 'সাফ চ্যাম্পিয়নশীপ ২০২১' এ বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাফল্য অর্জনে বাংলাদেশ ফুটবল ফেডারেশন অত্যন্ত আশাবাদী। সদ্য নিয়োগ প্রাপ্ত হেড কোচ দেশের ঘরোয়া ফুটবলের চ্যাম্পিয়নদল বসুন্ধরা কিংসের হেড কোচের দায়িত্ব পালন করেছেন। আমি মনে করি অনেক খেলোয়াড়ের সঙ্গে তার লব্ধ অভিজ্ঞতা ও সখ্যতা বাংলাদেশ জাতীয় ফুটবল দলের মাঠের পারফরম্যান্সে ভূমিকা রাখতে সক্ষম হবে। আগামী ১ অক্টোবর হতে ১৬ অক্টোবর ২০২১ তারিখ পর্যন্ত 'সাফ চ্যাম্পিয়নশীপ ২০২১' এর খেলা মালদ্বীপে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বাংলাদেশ জাতীয় ফুটবল দল গত ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ মালদ্বীপের উদ্দেশ্যে বাংলাদেশ ত্যাগ করেছে।

বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দলঃ গত ০৯ ই সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে শুরু হওয়া নেপালের বিপক্ষে দুটি ফিফা ফ্রেন্ডলী টায়ার-১ ম্যাচ ও পরবর্তীতে 'এএফসি ওমেন্স এশিয়া কাপ ইন্ডিয়া ২০২২ কোয়ালিফায়ার্স' এ যথাক্রমে ১৮ ও ২২ সেপ্টেম্বর ২০২১ তারিখে জর্ডান ও ইরানের মুখোমুখি হয় বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দল। সর্বশেষ ২৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে হংকং ফুটবল মহিলা জাতীয় ফুটবল দলের সাথে একটি প্রীতি ম্যাচ জয়ের মাধ্যমে উক্ত সফর শেষ করেছে বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দল। উজবেকিস্তান সফর শেষে গত ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দল বাংলাদেশে প্রত্যাবর্তন করেছে।

বাংলাদেশ প্রিমিয়ার লীগঃ বসুন্ধরা কিংসের অবশিষ্ট ৩ (তিন) ম্যাচের মধ্য দিয়ে সমাপ্ত হলো 'বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২০-২১'। উক্ত লীগে চ্যাম্পিয়ন দল বসুন্ধরা কিংস এর সকল খেলোয়াড়, কোচিং স্টাফ ও কলাকুশলীদের উষ্ণ অভিনন্দন জ্ঞাপন করছি ও অংশগ্রহণকারী ক্লাবসমূহ ও আয়োজনে সংশ্লিষ্টগণের প্রতি আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

'তৃতীয় বিভাগ ফুটবল লীগঃ 'তৃতীয় বিভাগ ফুটবল লীগ ২০১৯-২০' এ আলমগীর সমাজ কল্যাণ ও ক্রীড়া সংসদ চ্যাম্পিয়ন ও কিংস্টার স্পোর্টিং ক্লাব রানার্সআপ হওয়ার গৌরব অর্জন করেছে। উক্ত প্রতিযোগিতা সুষ্ঠুভাবে সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করছি। একই সঙ্গে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী খেলোয়াড়গণের সার্বিক উন্নতি ও উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

জেএফএ অ-১৪ জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২১ঃ বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় রাজশাহীর শহীদ মুক্তিযোদ্ধা স্মৃতি স্টেডিয়ামে অনুষ্ঠিত হয়েছে জেএফএ অ-১৪ জাতীয় মহিলা ফুটবল চ্যাম্পিয়নশীপ ২০২১। উক্ত প্রতিযোগিতার ফাইনালে মাগুরা জেলা অ-১৪ মহিলা ফুটবল দল ২-০ গোলে স্বাগতিক রাজশাহী জেলা অ-১৪ মহিলা ফুটবল দলকে পরাজিত করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে।

বাফুফে এলিট একাডেমীঃ বাংলাদেশ ফুটবল ফেডারেশনের উদ্যোগে দেশব্যাপী অ-১৫ এর বাছাইকৃত ৫১ জন খেলোয়াড়দের নিয়ে গত ১১ আগস্ট ২০২১ তারিখ হতে কমলাপুরস্থ বীরশ্রেষ্ঠ শহীদ সিপাহী মোহাম্মদ মোস্তফা কামাল স্টেডিয়ামে 'বাফুফে এলিট ফুটবল একাডেমি' এর কার্যক্রম শুরু হয়েছে। উক্ত একাডেমীর আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠান গত ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত হয়েছে। উক্ত উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি।

বাফুফে ক্লাব লাইসেন্সিংঃ 'বাফুফে ক্লাব লাইসেন্সিং ২০২১ প্রক্রিয়ায় বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২১-২২' এ অংশগ্রহণে আগ্রহী দলসমূহের ক্লাব লাইসেন্সিং অ্যাডমিনিস্ট্রেটরগণের অংশগ্রহণে মতিঝিলস্থ বাফুফে ভবনে ক্লাব লাইসেন্সিং বিষয়ক একটি ওয়ার্কশপ অনুষ্ঠিত হয়েছে। উক্ত ওয়ার্কশপে ক্লাব লাইসেন্সিং বিষয়ে বিস্তারিত আলোচনা ও অভিজ্ঞতা বিনিময় করা হয়েছে। উল্লেখিত ওয়ার্কশপে, বসুন্ধরা কিংস, ঢাকা আবাহনী লিমিটেড, চট্টগ্রাম আবাহনী লিমিটেড, শেখ জামাল ধানমন্ডি ক্লাব, সাইফ স্পোর্টিং ক্লাব, মোহামেডান স্পোর্টিং ক্লাব, শেখ রাসেল ক্রীড়া চক্র, রহমতগঞ্জ এমএফএস, বাংলাদেশ পুলিশ এফসি, মুক্তিযোদ্ধা সংসদ ক্রীড়া চক্র, উত্তরা বারিধারা ক্লাব এবং স্বাধীনতা ক্রীড়া সংঘ এর ক্লাব লাইসেন্সিং অ্যাডমিনিস্ট্রেটরগণ অংশগ্রহণ করেছে।

'বাফুফে-এএফসি গ্রাসরুট অনলাইন কোচিং কোর্স ২০২১'ঃ বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ব্যবস্থাপনায় 'বাফুফে-এএফসি গ্রাসরুট অনলাইন কোচিং কোর্স ২০২১' ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অনুষ্ঠিত হয়েছে। উক্ত কোর্সে ৩০ জন প্রশিক্ষণার্থী অংশগহণ করেছে। মূলত ফুটবল উন্নয়নমূলক কার্যক্রমের অংশ হিসেবে সংশ্লিষ্ট প্রশিক্ষকবৃন্দকে উন্নত প্রশিক্ষণের মাধ্যমে সহায়তা প্রদান করতে বাংলাদেশ ফুটবল ফেডারেশন এই কোর্সের আয়োজন করেছে।

****